আলমডাঙ্গায় দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময় কালে এমপি ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় আওয়ামীলীগ নেতাকর্মিদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দলীয় কার্যালয়ে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আজকে বাংলাদেশের উন্নয়নে অগ্রযাত্রা ব্যাহত করতে বিএনপি-জামায়াত চক্রান্ত হচ্ছে। সকল চক্রান্তের বিরুদ্ধে আমাদের রুখে দাড়াতে হবে। যারা মনে করছে বিদেশ তাদের ক্ষমতায় বসিয়ে দেবে, তাদের সেই আশা কখনো বাস্তবায়ন হবে না। জননেত্রী শেখ হাসিনা কোন অপশক্তির কাছে মাথানত করবে না। এদেশের জনগণই নির্ধারণ করবে কারা ক্ষমতায় যাবে।

তিনি বলেন,আওয়ামীলীগের নেতাকর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। সকল ষড়যন্ত্র মোকাবেলা করে আবারও আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে।

উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশক বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য শাহ আলম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টারের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, সৈকত খান, সাবেক প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, শ্রমিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন, সাধারণ সম্পাদক মজিবর রহমান প্রমূখ।